

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২২

১/ ঈমান

পরিচ্ছেদঃ তাওহীদ ও শির্ক বিষয়ক হাদীসসমূহ

## আরবী

عَن مُعَاوِيَةَ بْنِ الْحَكَمِ السُّلُمِيِّ قَالَ: كَانَتْ لِى جَارِيَةٌ تَرْعَى غَنَمًا لِى قِبَلَ أُحُدٍ وَالْجَوَّانِيَّةِ فَاطَّلَعْتُ ذَاتَ يَوْمٍ فَإِذَا الذِّيبُ قَدْ ذَهَبَ بِشَاةٍ مِنْ غَنَمِهَا وَأَنَا رَجُلٌ مِنْ بَنِى آدَمَ آسَفُ فَاطَّلَعْتُ ذَاتَ يَوْمٍ فَإِذَا الذِّيبُ قَدْ ذَهَبَ بِشَاةٍ مِنْ غَنَمِهَا وَأَنَا رَجُلٌ مِنْ بَنِى آدَمَ آسَفُ كَمَا يَأْسَفُونَ لَكِنِّى صَكَكْتُهَا صَكَّةً فَأَتَيْتُ رَسُولَ اللهِ عَيَيِّي فَعَظَّمَ ذَلِكَ عَلَىَّ قُلْتُ يَا رَسُولَ لَلهِ أَفَلاَ أُعْتِقُهَا قَالَ النِّهِ عَلَى قُلْتُ بَهَا فَقَالَ لَهَا أَيْنَ اللهُ قَالَتْ فِى السَّمَاءِ قَالَ مَنْ أَنَا قَالَتْ رَسُولُ اللهِ قَالَ الْعِهِ قَالَ مَنْ أَنَا قَالَتْ رَسُولُ اللهِ قَالَ اللهِ قَالَ مَنْ أَنَا عَيْقَهَا قَالَ أَعْتِقُهَا فَإِنَّهَا مُؤْمِنَةً

## বাংলা

(২২) মুআবিয়া বিন হাকাম সুলামীর হাদীসে বর্ণিত, তিনি বলেন, উহুদ ও জাওয়ানিয়্যাহর মধ্যবর্তী জায়গায় আমার কিছু ছাগল ছিল, যার দেখাশোনা করত আমারই এক ক্রীতদাসী। একদা সে পাল ছেড়ে দিলে অকস্মাৎ এক নেকড়ে এসে একটি ছাগল নিয়ে চম্পট দেয়। আমি আদম সন্তানের অন্যতম মানুষ; মনস্তাপ ও ক্রোধে দাসীকে চপেটাঘাত করলাম। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে সে কথার উল্লেখ করলে তিনি তা আমার জন্য বড় গুরুতর মনে করলেন। আমি বললাম, 'হে আল্লাহর রসূল! আমি ওকে মুক্ত করে দেব না কি?' তিনি বললেন, ওকে ডাকো। আমি ওকে ডেকে আনলে তিনি ওকে প্রশ্ন করলেন, আল্লাহ কোথায়? দাসীটি বলল, 'আকাশে।' তিনি আবার প্রশ্ন করলেন, আমি কে? সে বলল, 'আপনি আল্লাহর রসূল।' তিনি বললেন, ওকে মুক্ত করে দাও; যেহেতু ও মুমিন নারী।

## ফুটনোট

(মুসলিম ১২২৭, আবু দাউদ ৯৩১, নাসাঈর কুবরা ১১৪১, প্রভৃতি)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ মু'আবিয়াহ ইবনু হাকাম (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন